

ইসলামী বিশ্ববিদ্যালয়

হলের নামকরণ নিয়ে
রশি টানাটানির সমাপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ৩ই জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।— ইসলামী বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত ছাত্রাবাসটির নাম মরহুম রাষ্ট্রপতি জিয়াউর রহমানের নামে নামকরণ করা হয়েছে। সম্প্রতি অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ৮৯তম সিন্ডিকেটে সিদ্ধান্ত গৃহীত হয়। চারতলা ভবনের এক অংশের কাজ এখনও বাদ রয়েছে। অত্যাধুনিক এই ছাত্রাবাসটির বর্তমান সিট ক্যাম্পাসটি দু'শ' হলের নামকরণ নিয়ে বেশ কিছুদিন হতে তিনটি পক্ষের মধ্যে রশি টানাটানি চলছিল। এই তিনটি ধারার ৭ জন ব্যক্তির নামে হলের নামকরণের দাবি উত্থাপিত হয়েছিল। রাজনৈতিক ধারার পক্ষ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মরহুম রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও শাহ আজিজ; অরাজনৈতিক ধারার পক্ষ হতে সাহিত্যিক মীর মোশাররফ হোসেন ও খান শাহ-এর নামে; অন্য ধারার পক্ষ হতে ইকবাল ও আলবেরুনীর নামে হলের নামকরণের জন্য জোর দাবি জানানো হয়েছিল। ইবি কর্তৃপক্ষ সেই সময় অরাজনৈতিক এবং বিতর্কের উর্ধ্বে কোন একটি নামের খোঁজ করলেও আজ তা রক্ষিত হয়নি। হলের নামকরণ সম্বন্ধে ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্র নেতৃবৃন্দের প্রতিক্রিয়া জানতে চাইলে ছাত্র লীগ (ম-ই) নেতা মুজিবুর রহমান বাচ্চু জানান, আমাদের দাবি ছিল বঙ্গবন্ধু শেখ মুজিবুর নামে হলের নামকরণ করার; কিন্তু ঘটেছে তার উল্টোটা। ছাত্র

ইউনিয়নের নেতা মুজিবুর রহমান বলেন, বিশ্ববিদ্যালয় উচ্চ শিক্ষার পাদপীঠ, একজন জ্ঞানী শিক্ষাবিদ পণ্ডিতের নামে ছাত্রাবাসটি নামকরণ করা কর্তৃপক্ষের উচিত ছিল। ছাত্রমৈত্রীর সত্য বিশ্বাস বলেন, ছাত্র-শিক্ষকের সাথে আলোচনা ছাড়াই হলের নামকরণ যুক্তিসঙ্গত হয়নি। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আবদুল কাদের টুটুল বলেন, বৃটিশবিরোধী আন্দোলনে কুষ্টিয়ার ঐতিহ্য ভুলে ধরার জন্য বাঘা যতীনের নামে হলের নামকরণ এতদঞ্চলের মানুষের যে দাবি ছিল তা উপেক্ষা করা হয়েছে।